

গন্ধবণিক জাতীয় সংগীত

স্বাগত গন্ধবণিকবৃন্দ, শঙ্খ সত্রীশ আবট দেশ (আজি) মিলেছি সকলে এই সভাস্থলে ভুলি ভেদাভেদ দ্বন্দ্ব দ্বেশ। নিশা অবসানে মাতার আহ্বানে সহসা ভেঙেছে ঘুমের ঘোর, চিনেছি সকলে আপনার বলে, আনন্দে বহিছে নয়ন লোর। আমরা সবাই হই ভাই ভাই শঙ্খ সত্রীশ আবট দেশ, আমি মিলেছি সকলে এই সভাস্থলে ভুলি ভেদাভেদ দ্বন্দ্ব দ্বেশ।

দূর পুরাকালে সব ভাই মিলে তুলেছি উচ্ছে একতা তান, তখনি শ্রীমন্ত, ধনপতি, চাঁদ, খুলনা, বেহলা বাড়াল মান। যখন সবাই ছিনু ভাই ভাই শঙ্খ সত্রীশ আবট দেশ, তখন আমরা সাগর তরীয়া স্থাপনু কত উপনিবেশ। স্বাগত গন্ধবণিক বৃন্দ, শঙ্খ সত্রীশ আবট দেশ, আজি মিলেছি সকলে এই সভাস্থলে ভুলি ভেদাভেদ দ্বন্দ্ব দ্বেশ।

একতার গান আবার গাহিব, আবার বাড়াব গরিমা উচ্চ, আবার ভুলিব ভেদ হিংসা দ্বেশ মনের নীচতা করি তুচ্ছ। আমরা সবাই হই ভাই ভাই, কেহ তো নহিগো কাহারও পর, অজ্ঞান তিমিরে পথ ভুলি দূরে গিয়েছি সবে পরস্পর। স্বাগত গন্ধবণিকবৃন্দ, শঙ্খ সত্রীশ আবট দেশ, আজি মিলেছি সকলে এই সভাস্থলে ভুলি ভেদাভেদ দ্বন্দ্ব দ্বেশ।

মাতঃ গন্ধেশ্বরী, সিন্ধি কৃপাবারি, ঘুচাও মোদের মনের ক্লেদ, আমাদের পথ কর শান্তিময়, দূর করো মাগো মনের খেদ। উন্নতির পথে হব অগ্রসর গৌরব মণ্ডিত করিবদেশ, সকল সন্তান হয়ে এক প্রাণ, ভুলে যাই যেন দ্বন্দ্ব দ্বেশ। স্বাগত গন্ধবণিক বৃন্দ শঙ্খ সত্রীশ আবট দেশ।

সংগ্রাহক— শ্রী নারায়ণ চন্দ্র বণিক, বনগাঁ

রচয়িতা— সমাজবন্ধু অবিলাশচন্দ্র দাস।